



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোন : ০২২২৩০৮৮৯৪৯
email:dgmlad1@krishibank.org.bd

বিকেবি/প্রকা/ক্রেঞ্চিঃ(শাখা-১)/৩(৭)অংশ-৮/২০২২-২৩/

২৮০৪(১২৫০)

তারিখ: ০৬/০৬/২০২৩

সকল মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়সমূহ।

বিষয়ঃ ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% সুদে বিতরণকৃত ঋণের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরে নির্ধারিত তারিখের মধ্যে সুদাসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া ঋণ হিসাবসমূহের বিপরীতে সুদ ক্ষতি বাবদ ভর্তুক প্রদানের দাবী সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শ্রীরামামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসডি সার্কুলার নং-০২ তারিখ ২২/০৫/২০ এবং অত্র বিভাগের ২৫/০৫/২০২২ তারিখের ২৩৭২ (১২৫০) নং পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।
০২। উপরোক্ত পত্রের আলোকে ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য রেয়াতী সুদে বিতরণকৃত ঋণের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরে নির্ধারিত তারিখের মধ্যে সুদে আসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া হিসাবসমূহের বিপরীতে সংশ্লিষ্ট বছর সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট ৪% হারে সুদ ক্ষতিপ্ররোচনের দাবী সম্বলিত প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থ বছরের বিষয়োল্লেখিত সঠিক ও নির্ভুল দাবী সম্বলিত প্রতিবেদন সংগ্রহ ও সংকলন পূর্বক নিম্নোক্ত ছকে আপনার বিভাগাধীন অঞ্চলগুয়ারী শাখার তালিকাসহ একীভূত করে ১০/০৭/২০২৩ তারিখের মধ্যে অত্র বিভাগে হার্ড কপি প্রেরণ এবং “এক্সেল ফরমেট-এ” বিবরণীর সফ্ট কপি ই-মেইলযোগে (dgmlad1@krishibank.org.bd) ঠিকানায় প্রেরণ করার জন্যও বিনোদ অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শাখা ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় বিচ্ছিন্ন ভাবে বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে পারবে না।

“ছক”

ব্যাংকের নামঃ বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% সুদে ২০২২-২০২৩ অর্থ বছরে কৃষি ঋণের সুদ বাবদ ক্ষতির বিপরীতে দাবীকৃত ভর্তুক বিবরণী।

বিভাগের নামঃ

(প্রকৃত টাকার অংকে)

| ক্রঃ নং | ব্যাংক শাখার নাম | ঋণ এইচাতার নাম | ঋণ হিসাব/ ফালি ও নং | বিতরণকৃত ঋণের তারিখ | বিতরণকৃত ঋণের পরিমাণ | উদ্দেশ্য | ধর্যকৃত সুদের পরিমাণ | ৪% হারে ধর্যকৃত সুদের পরিমাণ | ৮% হারে ধর্যকৃত সুদের পরিমাণ | ঋণ আদায়ের/ সময়ের নির্ধারিত তারিখ (Due Date) | নির্দিষ্ট সময়ে ঋণ হিসাব বন্ধকলে আর্থিক ক্ষতির পরিমাণ (৪%) | ঋণ হিসাব বন্ধের তারিখ | পরিমাণ | মন্তব্য |
|------------|------------------------|-------------------|------------------------------|------------------------|-------------------------|----------|----------------------------|---------------------------------------|------------------------------------|---|---|--------------------------|--------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | |

০৩। সঠিক ও নির্ভুল প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

- (ক) বিতরণকৃত ঋণ দেয় তারিখ (Due Date) হতে ছয় মাসের মধ্যে শুধু ২০২২-২৩ অর্থ বছরে অর্থাৎ ০১লা জুলাই, ২০২২ তারিখ হতে ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে সুদাসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে ঋণ হিসাব বন্ধ হতে হবে;
- (খ) দাবী সংশ্লিষ্ট হিসাবসমূহে রেয়াতী সুদ ৪% এবং দাবীকৃত সুদ ভর্তুক ৪% হিসেবে সঠিকভাবে হিসাব করতে হবে;

চলমান পাতা-০২

পাতা-০২

বিষয়ঃ ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% সুদে বিতরণকৃত ঝণের মধ্যে
২০২২-২৩ অর্থ বছরে নির্ধারিত তারিখের মধ্যে সুদাসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া ঝণ
হিসাবসমূহের বিপরীতে সুদ ক্ষতি বাবদ ভর্তুকি প্রদানের দাবী সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- (গ) ঝণ বিতরণকারী শাখাসমূহ ৪% রেয়াতী সুদে বিতরণকৃত ঝণ এইতাদের তালিকাসহ এতদসংক্রান্ত যাবতীয়
তথ্যাদি যেমন, সংশ্লিষ্ট ঝণ নথি, ঝণ গ্রহীতার সংখ্যা, কোন ফসলের জন্য, ঝণ গ্রহীতার নাম/ ঠিকানা, ঝণ
মঞ্জুরি ও বিতরণকৃত ঝণের পরিমাণ, জমির পরিমাণ, ঝণের মেয়াদ, আদায়/সমষ্টিয়ের তারিখ ইত্যাদি সঠিকভাবে
সংরক্ষণ করতে হবে যাতে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঝণের যথার্থতা যাচাই করা সম্ভব হয়;
- (ঘ) পার্বত্য এলাকায় যে সকল স্থানে “বিশেষ অর্থনৈতিক এলাকা” হিসেবে ৫% সুদ হারে বিশেষ সুবিধা বহাল আছে,
সে সকল এলাকায় দাবী পেশ করার সময় সতর্কতার সাথে যাচাই বাচাই করে দেখতে হবে, যাতে ৫% ও ৪%
রেয়াতী সুদ হার সুবিধা একই গ্রাহকের অনুকূলে না হয়। একই গ্রাহকের অনুকূলে ৫% ও ৪% রেয়াতী সুদ হার
সুবিধা প্রদান করা হয়নি মর্মে শাখা ব্যবস্থাপককে প্রত্যয়নপত্র প্রদানসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
কর্তৃক প্রতিষ্ঠানের করতে হবে;
- (ঙ) দাবী পেশের জন্য সুদ হিসাব করার সময় Day product এর ভিত্তিতে সুদ হিসাব করতে হবে যাতে
যাচাইকালে কোন গড়মিল পরিলক্ষিত না হয়।

০৪। বাংলাদেশ ব্যাংক দৈবচয়ন (Random sampling) ভিত্তিতে রেয়াতী হারে যোগ্য বলে দাবীকৃত ঝণের ন্যূনপক্ষে ১০%
ঝণ নথি সরেজমিনে যাচাই করবে এবং যাচাইকৃত ঝণের মধ্যে যে পরিমাণ ঝণ নিয়মানুযায়ী প্রদেয় হয়নি মর্মে প্রমাণিত হবে তার
শতকরা হার নির্ণয় করতঃ তা ব্যাংকের পুরো দাবীকৃত ঝণের উপর কার্যকরণ পূর্বক ক্ষতিপূরণ নির্ধারণ করবে। এমতাবস্থায়, কোন
শাখা কর্তৃক ভুল তথ্য সম্বলিত প্রতিবেদন দাখিল করা বা বিলম্বে দাবী পেশের কারণে রেয়াতী সুদের ক্ষতিপূরণযোগ্য ভর্তুক
দাবীকৃত অর্থের পরিমাণ হ্রাস পেলে পুরো ঘাটতি টাকা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট হতে
আদায়যোগ্য হবে।

০৫। উপরোক্ত দিকনির্দেশনাবলী অনুসরণপূর্বক সঠিক দাবী সম্বলিত প্রতিবেদন ১০/০৭/২০২৩ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগ
এ প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

০৬। উক্ত প্রতিবেদন তৈরিতে কোন সংশয় সৃষ্টি হলে অত্র বিভাগের উর্ধতন মুখ্য কর্মকর্তা মোঃ শফিকুল ইসলাম, মোবাইল নং-
০১৭২২-৯২২৯৬ এর সাথে তাৎক্ষণিক যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

আপনার বিশ্বাস

(মোহাম্মদ মস্তুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯

সদয় অবগতির জন্যঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি
ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৬। সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ এর মাধ্যমে)।
০৭। নথি/মহানথি।

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক